



ইসলামিক ফাউন্ডেশন
[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭



॥প্রেস বিজ্ঞপ্তি॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-
বাংলাদেশের আকাশে আজ কোথাও পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি
১৪ মে শুক্রবার সারাদেশে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে

ঢাকা, বুধবার ১২ মে, ২০২১

বাংলাদেশের আকাশে আজ কোথাও ১৪৪২ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল ১৩ মে বৃহস্পতিবার পবিত্র রমজান মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৪ মে শুক্রবার থেকে পবিত্র শাওয়াল মাস গণনা করা হবে। প্রেক্ষিতে, আগামী ১৪ মে শুক্রবার সারাদেশে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।

আজ সন্ধ্যায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম প্রতিমন্ত্রী মোঃ ফরিদুল হক খান এমপি।

সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মুঃ আঃ আউয়াল হাওলাদার, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক ড. মোঃ মুশফিকুর রহমান (অতিরিক্ত সচিব), ওয়াকফ প্রশাসক আব্দুল্লাহ সাজ্জাদ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মোঃ নজরুল ইসলাম, সিনিয়র অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তা মোঃ শাহেনুর মিয়া, মন্ত্রিপরিষদ বিভাগের উপ-সচিব মোঃ ছাইফুল ইসলাম, ঢাকা জেলার সহকারী কমিশনার মোঃ সাইফুল ইসলাম, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (প্রশাসন) মুহা. নেহার উদ্দিন জুয়েল, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের পিএসও আবু মোহাম্মদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মুহঃ আছাদুর রহমান, মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মোঃ আলমগীর রহমান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, লালবাগ শাহী জামে মসজিদের খতিব মুফতি মুহাম্মদ নেয়ামতুল্লা ও চকবাজার শাহী জামে মসজিদের খতিব মুফতি শেখ নাসিম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া সভায় উপস্থিত ছিলেন শোলাকিয়া ঈদগাহের গ্রান্ড ইমাম প্রখ্যাত আলেম শায়খুল হাদিস আল্লামা ফরিদ উদ্দীন মাসউদ ও ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস ড. মাওলানা কাফিলুদ্দিন সরকার।

সভায় ১৪৪২ হিজরি সনের পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ রমজান ১৪৪২ হিজরি, ২৯ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ, ১২ মে ২০২১ খ্রিস্টাব্দ বুধবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে কোথাও পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামীকাল ৩০ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ, ১৩ মে ২০২১ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার পবিত্র রমজান মাস ৩০ দিন পূর্ণ হবে। আগামী ৩১ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ, ১৪ মে ২০২১ খ্রিস্টাব্দ শুক্রবার থেকে ১৪৪২ হিজরি সনের পবিত্র শাওয়াল মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১ শাওয়াল ১৪৪২ হিজরি, ৩১ বৈশাখ ১৪২৮ বঙ্গাব্দ, ১৪ মে ২০২১ খ্রিস্টাব্দ শুক্রবার সারাদেশে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে।

স্বাক্ষরিত

শায়লা শারমীন

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬